দৈনিক খবর

তারিখ 25 AUG 1991 পৃষ্ঠা 2 কলাম 6

# প্রভাষক ও সহকারী অধ্যাপকদের পদোন্নতির ক্ষেত্রে অনিয়ম

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি সরকারী কলেজের ১২৩৪ জন প্রভাষক এবং ৮০০ জন সহকারী অধ্যাপককে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির যে ঘোষণা দিয়েছে তাতে সিনিয়রিটি নির্ধারণ ও পদোন্নতির প্রচলিত নিয়ম লংঘিত হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত নভেম্বরে ৬৯০ জন সহকারী অধ্যাপককে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পদোন্নতি কমিটির সুপারিশ সাবেক রাষ্ট্রপতি চূড়ান্তভাবে অনুমোদন করেন। সেই অনুমোদন উপেক্ষা করে মন্ত্রণালয় সম্প্রতি বিধি-বহির্ভূতভাবে নতুন করে পদোন্নতির তালিকা চূড়ান্ত করেছে যা রাষ্ট্রপতির অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

অভিযোগ পাওয়া গেছে, ৮০০ জন সহকারী অধ্যাপকের পদোন্নতির তালিকা তৈরীর ক্ষেত্রে সিনিয়রিটি নির্ধারণের জন্য প্রচলিত নিয়ম অনুযায়ী চাকরিতে যোগ দেয়ার তারিখকে হিসেবে না ধরে তাদের আগের পদোন্নতি সম্পর্কিত বিজ্ঞপ্তি জারির তারিখটি গণ্য করা হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে আরো অভিযোগ পাওয়া গেছে যে, শিক্ষা ক্যাডারে অন্যান্য ক্যাডারের মত উচ্চতর পদে সরাসরি নিয়োগের বিধান না থাকলেও মন্ত্রণালয় শিক্ষা ক্যাডারের সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক পর্যায় পর্যন্ত শতকরা ২০ ভাগ পদ সরাসরি নিয়োগের কথা বলে গত ২০ বছর ধরে শূন্য করে রেখেছে। এভাবে শূন্য করে না রেখে পদোন্নতির মাধ্যমে পদগুলো পূরণ করা হলে সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতি সংক্রান্ত সমস্যার অনেক সমাধান হত বলে সংশ্লিষ্টরা মত দিয়েছেন।